উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

## এপ্রিল/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ২৫ এপ্রিল, ২০২৪ খ্রিঃ |
| সময় | : | সকাল: ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত অন্যান্য সদস্যগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে মার্চ/২৪ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ)। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় মোট দুই কিস্তির টাকা পাওয়া গেছে। সম্ভাব্য চার কিস্তিতে মোট ৯৪,১৬,০০০ টাকা ধরে সর্বমোট (৪,২৯,৫৪,৫৪৯+৯৪,১৬,০০০) = ৫,২৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তেইশ লক্ষ সত্তর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকার উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা যাবে। ইতোমধ্যে ১ম ধাপে তিন কোটি ষোল লক্ষ টাকার প্রকল্প গ্রহণ পূর্বক বাস্তবায়ন কাজ প্রায় শেষ পর্যায়ে এবং অবশিষ্ট টাকার প্রকল্পের তালিকা (পরিশিষ্ট: তালিকা 'গ') অনুমোদন করে টেন্ডার প্রক্রিয়া এবং প্রকল্প কমিটির মাধ্যমে কাজ বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় চার কিস্তিতে সম্ভাব্য প্রাপ্য টাকা সহ সর্বমোট ৫,২৩,৭০,৫৪৯ (পাঁচ কোটি তেইশ লক্ষ সত্তর হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা থেকে ১ম ধাপে বাস্তবায়নকৃত তিন কোটি ষোল লক্ষ টাকার কাজ চলমান রয়েছে এবং অবশিষ্ট টাকার প্রকল্পের তালিকা (পরিশিষ্ট: তালিকা 'গ') প্রকল্প কমিটি এবং টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে কাজের গুণগত মান ঠিক রেখে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| **২। স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৪ এপ্রিল, ২০২৪ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৯৪%, ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৬৬.৩২% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৭.০৫%। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের এপ্রিল/২৪ মাসে আগত সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ১০,৩৩৮ জন। ৬৩টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট- ৩৯,৩৩০ জন। গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা মোট-১,৮৩৬ জন এবং প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতা রোগীর সংখ্যা | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক আগত সকল ধরণের রোগীকে অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |

| | | |
|---|---|---|
| মোট-৪৬৮ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জামালপুর সদর উপজেলা কৃষি অফিস কর্তৃক চলতি আউশ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৪৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়। চলমান তাপ দাহে ফল ও মাঠ ফসলে করণীয় সেচ ব্যবস্থা নিয়ে কৃষকের পাশে থেকে পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক নিয়মে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, ২০২৩-২৪ আর্থিক সালে বিল নার্সারি কার্যক্রমের আওতায় ইটাইলের বুগলীর বিল এবং শাহবাজপুরের গাবতলী বিলে বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য যাবতীয় কার্যক্রম সরকারি নীতিমালার আলোকে পরিচালিত হচ্ছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম এবং বিল নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে "প্রাণি সম্পদে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" এই প্রতিপাদ্য নিয়ে সারাদেশের ন্যায় জামালপুর সদরেও ১৮ ই এপ্রিল প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদশর্ণী -২০২৪ উদযাপিত হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম যেমন, গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,৪৯৭টি, হাঁস মুরগী ২৫,৩২৫টি, পোষা পাখি পশু-২০টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,১৫০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ৩০ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০১ টি। এছাড়া গবাদি পশুকে টিকা প্রদান করা হয়েছে ১,৭০০টি এবং হাঁস মুরগি ৫,৭০০টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, এপ্রিল,২০২৪খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা- ১,৩৬,৮৬৫ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০০ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -২৩ জন। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৫১ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ৮৬ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-১৪ জনকে। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) -৮০.১১% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুনর্বাসনঃ<br>ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা সভায় বলেন যে, ১ম পর্যায়ের টি.আর কাবিখা ও কাবিটার কাজ শেষ হয়েছে। এবং ২য় পর্যায়ের তালিকা অনুমোদন পাওয়া গেছে। দ্রুত সময়ের মধ্যেই কাজ বাস্তবায়ন করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক টি.আর, কাবিখার কাজ শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |

| | | |
|---|---|---|
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, ইতোমধ্যেই সকল শিক্ষককে নতুন কারিকুলাম বাস্তবায়ন, মনিটরিং বিষয়ে প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। প্রচন্ড তাপদাহের কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ আছে। আগামী ২৮ তারিখ থেকে শিক্ষা প্রতিষ্ঠান খুলবে। আগামী ২৮ ও ২৯ তারিখ উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে বিভিন্ন ধরনের প্রতিযোগীতা অনুষ্ঠিত হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর, জামালপুর। |
| **৯। শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, তীব্র তাপদাহের জন্য প্রাথমিক বিদ্যালয় ২৭/০৪/২৪ পর্যন্ত বন্ধ আছে। আগামী ২৮/০৪/২০২৪ তারিখে বিদ্যালয় খোলা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগ:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, অত্র দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। তবে, আমরা অনেকেই অবগত আছি যে, অত্র উপজেলায় প্রতিটা ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি মাসে ৬জন করে উপকারভোগী অন্তভূক্তির জন্য বরাদ্দ আছে। প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে এটা অনলাইনে অনুমোদন দেওয়ার কথা রয়েছে। কিন্তু কিছু কিছু ইউনিয়নে জানুয়ারি/২৪ মাসের ভাতাভোগীও অদ্যাবধি অন্তভূক্ত করা হয়নি। আগামী জুন/২৪ মাসের সহ বকেয়া কার্যক্রম জুন/১০ তারিখের মধ্যে অনলাইনে সাবমিট করার জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ করেন। অন্যথায় অর্থ বছর পর হয়ে গেলে বরাদ্দ বাতিল হয়ে গেলে সাধারণ জনগন ক্ষতিগ্রস্থ হবে। বিষয়টি গুরুত্বের সাথে দেখার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| **১১। সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধি, হিজরা, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ৩য় কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তী অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। ভাতাভোগীদের গোপন পিন নম্বর ভাতাভোগীদের মোবাইলের ডিজিটাল চাবি স্বরুপ। যা অন্য কারো সাথে শেয়ার করা যাবে না। এছাড়া মৃত ব্যক্তিদের প্রতিস্থাপনের জন্য মৃত্যু সনদ অবশ্যই ডিজিটাল সনদ প্রদান করতে হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সহ সরকারি বিধি মোতাবেক বিভিন্ন ভাতা দ্রুত প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ইউনিয়ন চেয়ারম্যান (সকল) ও সংশ্লিষ্ট কমিটি। |
| **১২। যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১৯,৮০,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ২,২৮,৫৪০ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ২৭০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |

| | | |
|---|---|---|
| রয়েছে। | | |
| ১৩। সমবায় বিভাগ:<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লি: এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,২০,০০,০০০ (চার কোটি বিশ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ২,৪০,০০,০০০ (দুই কোটি চল্লিশ লক্ষ) টাকা। ঋণ আদায়ের হার ৪৯%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৮,৭৩,০০০ (আটষট্টি লক্ষ তেহাত্তর হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৪৭,৬১,৪৫৭ (সাতচল্লিশ লক্ষ একষট্টি হাজার চারশত সাতান্ন) টাকা। ঋণ আদায়ের হার ৬৪%। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| ১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| ১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩১০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে এবং এর মধ্যে ৪৫টি নলকূপের বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ৬০টি ওয়াশ ব্লকের কাজ শেষ হয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ২০০টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং ২০টি বেসিনের কাজ অসম্পূর্ণ রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| ১৬। খাদ্য বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| ১৭। বন বিভাগ:<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা জামালপুর সদর সভায় বলেন যে, চলতি অর্থ বছরে বরাদ্দ অনুযায়ী বিক্রয় ও বিতরণের জন্য এবং ২০২৩-২৪ অর্থ বছরে জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট ফান্ডের আওতায় চারা উত্তোলন কাজ চলমান রয়েছে। এছাড়া উপজেলায় অবৈধ করাতকল মালিকের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা এবং আবেদন মূলে বিভিন্ন করাত কলের লাইসেন্স প্রদান করা হচ্ছে। অবৈধভাবে বন্যপ্রাণী ও পাখি শিকার, ক্রয় বিক্রয় বন্ধে অভিযান চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| ১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য ৪০ (চল্লিশ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| লক্ষ টাকার ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ প্রায় শেষ পর্যায়ে। এছাড়া উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে। তাই অতি দ্রুত সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য অনুরোধ করেন। | পর্যায়ের জন্য প্রকল্প গুলো সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ করা হয় ও উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়। | |
| ১৮। বিএডিসি (সেচ)<br>সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, চলতি ২০২৩-২৪ অর্থ বছরের জামালপুর জেলার সদর উপজেলা সমূহে ইউপিভিসি বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৮টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর এবং ০৪টি এলএলপি দ্বারা ৯০ হেক্টর জমিতে সুষ্ঠুভাবে সেচ সুবিধা প্রদান করা যাচ্ছে। এছাড়া ২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে ২০২৩-২৪ অর্থ বছরে ১৮৭টি সেচ লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া তার দপ্তরের আওতায় সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৯। পাট উন্নয়ন কর্মকর্তাঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর |
| ২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় বলেন যে, এপ্রিল/২৪ মাস পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ৭৮.৮৭ লক্ষ টাকা। ঋণ আদায় হয়েছে ৮৫.৮৬ লক্ষ টাকা। আদায়ের হার ৯৮%। মোট সদস্য রয়েছে ৪,৮৯৩ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>ব্রাঞ্চ ম্যানেজানর, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় বলেন যে, তার বিভাগের আওতায় সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ঋণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্রাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর জামালপুর। |
| ২২। উপজেলা পরিসংখ্যান বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর। |
| ২৩। গ্রাম আদালত সংক্রান্তঃ<br>গ্রাম আদালত সংক্রান্ত উপজেলা সমন্বয়কারী সভায় বলেন যে, গ্রামীণ সাধারণ, দরিদ্র ও ঝুকিপূর্ণ জনগোষ্ঠির দোর গোড়ায় বিচারিক সেবা পৌছাতে গ্রাম আদালত অধ্যাদেশ ১৯৭৬ এর মাধ্যমে ইউনিয়ন পরিষদকে কতিপয় দেওয়ানী ও ফৌজদারী বিরোধ নিস্পত্তির দায়িত্ব দেওয়া হয়। পরবর্তীতে ২০০৬ সালের ০৯ মে অধ্যাদেশটিকে আইনে পরিনত করা হয়েছে। এরই ধারাবাহিকতায় স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে ২০০৯ সাল থেকে ২০15 সাল পর্যন্ত দেশের ৩৫১টি ইউনিয়নে অ্যাকটিভেটিং ভিলেজ কোর্টস ইন বাংলাদেশ প্রকল্প বাস্তবায়িত হয়েছে। এরই | সরকারি নির্দেশনা মোতাবেক জরিমানার পরিমাণ তিন লক্ষ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে স্বল্প খরচে অল্প সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমন্বয়কারী<br>উপজেলা গ্রাম আদালত |

| | | |
|---|---|---|
| সহায়তায় স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ সরকার, ইউরোপিয়ান ইউনিয়ন এবং ইউএনডিপি এর আর্থিক ও কারিগরী সহায়তায় বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প ২০২৩ থেকে ২০২৭ সাল পর্যন্ত বাস্তবায়ন করা হবে। | | |
| ২৪। উপজেলা শিল্পকলা একাডেমি<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | কার্যকরি সদস্য, উপজেলা শিল্পকলা একাডেমি। |
| ২৫। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, জামালপুর সদর। |
| ২৬। বিবিধ<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন<br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) অ-প্রত্যাশিত খাত থেকে সহায়তা।<br>(৩) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৪) আসবাবপত্র ক্রয় ও মেরামত। | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সহায়তা প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামতের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |
| (খ) রাজস্ব তহবিল সংক্রান্ত।<br>রাজস্ব তহবিলের ২৫ মার্চ,২০২৪ থেকে ২৪ এপ্রিল,২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | (খ) বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৫ মার্চ, ২০২৪খ্রি: থেকে ২৪ এপ্রিল, ২৪ খ্রি মাসের ব্যয় উপস্থাপিত হতে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৪,৯০,৯২৫ (চার লক্ষ নব্বই হাজার নয়শত পচিশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট অয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| উপজেলা ও অফিস চেয়ারম্যানদের সম্মানি ভাতা | ১১,০০০ |
| আপ্যায়ন খরচ | ৮,০০০ |
| আপ্যায়ন ও অফিস স্টেশনারী | ৪০,০০০ |
| মালী ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২০,৯০০ |
| অ-প্রত্যাশিত খাত থেকে সহযোগীতা প্রদান | ১০,০০০ |
| জাতীয় দিবস উদযাপন | ৫০,০০০ |
| অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত | ৪০,৫০০ |
| বিদ্যুৎ বিল পরিশোধ | ১০,০০০ |
| অফিস ও বাসাবাড়ী মেরামত | ৩৮,৬৬২ |
| চেয়ারম্যান ভাইস চেয়ারম্যানের টি.এ. ডি.এ বিল পরিশোধ। | ১,৬৯,৭৫০ |
| সর্বমোট | ৪,৯০,৯২৫ |

| | | |
|---|---|---|
| ২৭। (ক) ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ<br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবগত করেন যে, জামালপুর সদর উপজেলাধীন ০২ নং শরিফপুর, ০৯ নং রানাগাছা এবং ১০ নং মেষ্টা ইউনিয়নের মহল্লাদার পদ হতে দফাদার পদে পদোন্নতির লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক দফাদার পদে পদোন্নতির প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে গত ২২-০৩-২০২৫ খ্রি তারিখে ইউনিয়নওয়ারী প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ,১৪২২ | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে ০২ নং শরিফপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার জনাব মো: আ: মোতালেব, ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদের মহল্লাদার জনাব মো: হারুন অর রশিদ এবং ১০ নং মেষ্টা ইউনিয়ন পরিষদের মহল্লাদার শ্রী গোবিন্দ রবিদাসকে দফাদার পদে পদোন্নতির জন্য | ১) উপজেলা নির্বাহী অফিসার জামালপুর সদর, জামালপুর।<br>২) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

প্রস্তাব/মত দেন, ২০১৯ খ্রিস্টাব্দের ৩০/০৪ এর ৮৮ আইন/২০১৯ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ৯৬ ও ধারা ৭৬ মোতাবেক মহল্লাদারদের মধ্য হতে কর্মদক্ষতা, সততা, দক্ষতা ও জ্যেষ্ঠতার ভিত্তিতে দফাদার পদে পদোন্নতির নিমিত্ত অগ্রাধিকার ভিত্তিতে অভিজ্ঞতার আলোকে নির্বাচিত মহল্লাদারকে তাদের কাজের স্বার্থে বর্ণিত দফাদার পদে পদোন্নতির জন্য সভায় আনুষ্ঠানিক সিদ্ধান্ত/পদোন্নতি কমিটির নিকট সুপারিশ গৃহীত হয়েছে।

| ক্রম | গ্রাম পুলিশের নাম | বর্তমান পদবী | ইউনিয়নের নাম | পদোন্নতির জন্য সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|---|---|
| ০১. | মো: আ: মোতালেব | মহল্লাদার | ০৬ নং শরিফপুর | দফাদার |
| ০২. | মো: আবদুল হামিদ | মহল্লাদার | ০৯ নং রানাগাছা | দফাদার |
| ০৩. | শ্রী গোবিন্দ রবিদাস | মহল্লাদার | ১৩ নং মেষ্টা | দফাদার |

সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**(গ) হাট বাজার ইজারা সংক্রান্ত:**

উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, তার নিয়ন্ত্রণাধীন ১৪২৬ বাংলা সনের জামালপুর সদর উপজেলার ৩টি হাট বাজার ০১ (এক) বছর মেয়াদী ইজারার জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছিল। সে মতে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ দফায় মোট ৩টি হাট বাজারের দরপত্রদাতাদের নিকট হতে কাঙ্খিত মূল্য না পাওয়ায় হাট বাজার মূল্যায়ন কমিটি কর্তৃক ইজারা প্রদানের সুপারিশ গৃহীত হয়েছে। এর সুপারিশের প্রেক্ষিতে ৩টি হাট বাজারের ইজারাদারের অনুকূলে ইজারার সমুদয় অর্থ পরিশোধের পর প্রদান করা হলে সংশ্লিষ্ট ৩টি হাট বাজারের ইজারাদারগণ ইজারার টাকা পরিশোধ করেছেন। খাসকালেকশন ইজারালব্ধ আয় হতে পরবর্তী জমা করা যেতে পারে।

(গ) বিস্তারিত আলোচনার পর হাট বাজার নীতিমালার আলোকে ইজারালব্ধ অর্থ হতে পরবর্তী বিভাজন করে নির্ধারিত কোড/হিসাব নম্বরে জমাকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

১) উপজেলা নির্বাহী অফিসার জামালপুর সদর, জামালপুর।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর মহোদয়, জামালপুর সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ সরকারীর উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

A. Hossain
(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং- ০৫.১১.৩৯৩৬.০০৩.০৬.০০১.১৯

তারিখ: ২৫ এপ্রিল, ২০১৯ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪৩, জামালপুর-৫, জামালপুর।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ..........................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..........................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

(মেহনাজ ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd

## পরিশিষ্ট-খ

### সভায় অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

| ক্র. নং | অফিসারগণের নাম | ক্র. নং | ইউপি চেয়ারম্যানগণের নাম |
|---|---|---|---|
| ০১। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর | ০১। | চেয়ারম্যান, ০১ নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদ। |
| ০২। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর। | ০২। | চেয়ারম্যান, ০৩ নং লক্ষিরচর ইউনিয়ন পরিষদ। |
| ০৩। | উপজেলা খাদ্য কর্মকর্তা, জামালপুর সদর। | ০৩। | চেয়ারম্যান, ০৪ নং তুলশীরচর ইউনিয়ন পরিষদ। |
| ০৪। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর। | ০৪। | চেয়ারম্যান, ০৬ নং নরুন্দি ইউনিয়ন পরিষদ। |
| ০৫। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর। | ০৫। | চেয়ারম্যান, ১৫ নং রশিদপুর ইউনিয়ন পরিষদ। |